

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

জয়দেবপুর, গাজীপুর

স্মারক নং--১২.২১.০০০০.০০৫.২৭.১০৯.১৮-৩১৯৪

তারিখ: ০১-১০-২০১৮ খ্রি.

অফিস আদেশ

যেহেতু জনাব মো: আমজাদ হোসেন, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), ভূমি ও ইমারত শাখা, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর প্রজনন বীজ উৎপাদন কেন্দ্র, দেবীগঞ্জ, পঞ্চগড় কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার সহিত জড়িত থেকে যোগসাজসে ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ অর্থ বছরে সম্পাদিত কোটেশনের মাধ্যমে দূর্নীতিপূর্বক অর্থ আত্মসাৎ করায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১১ এর ৩৭ (ক) (খ) ও (চ) উপ-প্রবিধি মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অর্থ আত্মসাতের অভিযোগে অভিযুক্ত করে অত্র কার্যালয়ের ১২-০৭-২০১৭ খ্রি. তারিখের ২অ-৭৩০/২০১৫/প্রশাসন/ডিপি নং-৩২০/৬৪৪ সংখ্যক পত্র মারফত বিভাগীয় মামলা রঞ্জুকরত (মামলা নং-৩২০/১৭) অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) অভিযোগ বিবরণী জারি করা হয়।

যেহেতু ১ম কারণ দর্শানো নোটিশের জবাবে ব্যক্তিগত শুনানীর অগ্রহ প্রকাশ করায় ২৯-০৮-২০১৭ খ্রি. তারিখে মহাপরিচালক মহোদয় কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে তার দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত তার বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য অত্র কার্যালয়ের স্মারক নং-২অ-৭৫৯/২০১৭/প্রশাসন/ডিপি নং-৩২০/২৮০৪ তারিখ: ১৩-০৯-২০১৭ খ্রি. মোতাবেক ড. হাবিব মোহাম্মদ নাসের, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব মো: আমজাদ হোসেন এর বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর (ক) (খ) ও (চ) উপ-প্রবিধি মোতাবেক তাঁর বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অর্থ আত্মসাতের অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে জনাব মো: আমজাদ হোসেন এর বিরুদ্ধে আনিত দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অর্থ আত্মসাতের অভিযোগটি প্রমাণিত হওয়ায় ০৬-০৫-২০১৮ খ্রি. তারিখে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। পরবর্তীতে জনাব মো: আমজাদ হোসেন, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) এর বিরুদ্ধে দস্ত আরোপে বিষয়ে পূর্বে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন এবং তার ১ম ও ২য় কারণ দর্শানো নোটিশের জবাব পর্যালোচনাপূর্বক সুস্পষ্ট প্রতিবেদন দাখিলের জন্য ১২-০৬-২০১৮ খ্রি. তারিখে ড. মিয়ানরুদ্দীন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, পোস্ট হারভেস্ট টেকনোলজি বিভাগ, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুরকে সভাপতি করে পর্যালোচনা কমিটি গঠন করা হয়। পর্যালোচনা কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে জনাব মো: আমজাদ হোসেন এর বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর (ক) (খ) ও (চ) উপ-প্রবিধি মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অর্থ আত্মসাতের অভিযোগ প্রমাণিত হয়;

সেহেতু জনাব মো: আমজাদ হোসেন, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), ভূমি ও ইমারত শাখা, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর এর বিরুদ্ধে আনিত অভিযোগ, তাঁর কারণ দর্শানোর জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, পর্যালোচনা কমিটির প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে তাঁর বিরুদ্ধে বর্ণিত “দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অর্থ আত্মসাৎ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১১ এর ৩৮ (১) এর (খ) (অ) উপ-প্রবিধি মোতাবেক “নিম্নপদে অবনতকরণ” অর্থ্যাৎ সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) পদ হতে উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) পদে অবনত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(ড. আবুল কালাম আযাদ)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: ০২-৪৯২৭০০০০

জনাব মো: আমজাদ হোসেন
সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)
ভূমি ও ইমারত শাখা
বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর।

অনুলিপি:

- ১। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বিএআরআই, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ভূমি ও ইমারত শাখা, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ৬। কম্পিউটার সেল/এসিআর সেল, প্রশাসন শাখা, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
- ৭। মাস্টার ফাইল
- ৮। ব্যক্তিগত নথি
- ৯। সংশ্লিষ্ট নথি।

(মোঃ মাহমুদুল হাসান)

সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) (অ.দা.)

মহাপরিচালকের পক্ষে

ফোন : ৪৯২৭০০১০/৫৪৯২